

প্রথম আন্দোলন

• বুধবার, ২২ জানুয়ারি ২০২০, ৮ মাঘ ১৪২৬

পরিদর্শন

ফিড দ্য ফিউচার বায়োটেক প্রজেক্টের (আলু ও বেগুন) উচ্চপর্যায়ের চার সদস্যের একটি প্রতিনিধিদল গতকাল মঙ্গলবার বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট (বারি) পরিদর্শন করেছে। প্রতিনিধিদলের মধ্যে ছিলেন যুক্তরাষ্ট্রের করনেল বিশ্ববিদ্যালয়ের আইপি-সিএএলএসের পরিচালক রনি কফম্যান, যুক্তরাষ্ট্রের করনেল বিশ্ববিদ্যালয়ের ফিড দ্য ফিউচার বায়োটেক বেগুনের প্রকল্প পরিচালক মিস মারিসেলিস এভেসেডো, ভারতের সাতগুরুর বিটি বেগুন প্রকল্পের সহযোগী অধ্যাপক বিজয় পরানজাপি এবং ফিড দ্য ফিউচার (আলু ও বেগুন) প্রকল্পের বাংলাদেশ অংশের প্রকল্প পরিচালক মো. জাহাঙ্গীর হোসেন। অতিথিরা বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউটের সদর দপ্তরে পৌঁছালে তাঁদের স্বাগত জানান ইনস্টিটিউটের বিজ্ঞানী ও কর্মকর্তারা। পরে বারি মহাপরিচালকের সভাকক্ষে সংক্ষিপ্ত অনুষ্ঠানে স্বাগত বক্তব্য দেন ইনস্টিটিউটের মহাপরিচালক আবুল কালাম আযাদ। মাল্টিমিডিয়া প্রদর্শনের মাধ্যমে ইনস্টিটিউটের বিভিন্ন কার্যক্রম, অগ্রগতি ও সাফল্য তুলে ধরা হয়। প্রতিনিধি, গাজীপুর

দৈনিক জনকণ্ঠ

ঢাকা ॥ বুধবার

৭ মাঘ ১৪২৬ বঙ্গাব্দ

২২ জানুয়ারি ২০২০ খ্রিস্টাব্দ

বারিতে ফিড দ্য ফিউচার বায়োটেকের প্রতিনিধি দল

স্টাফ রিপোর্টার, গাজীপুর । ফিড দ্য ফিউচার বায়োটেক প্রজেক্টের (আলু ও বেগুন) উচ্চ পর্যায়ের একটি প্রতিনিধি দল মঙ্গলবার বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট (বারি) পরিদর্শন করেছেন। যুক্তরাষ্ট্রের করনেল বিশ্ববিদ্যালয়ের আইপি-সিএএলএসের পরিচালক ড. রনি কফম্যান, যুক্তরাষ্ট্রের করনেল বিশ্ববিদ্যালয়ের ফিড দ্য ফিউচার বায়োটেক বেগুনের প্রকল্প পরিচালক মারিসেলিস এভেসেডো, ভারতের সাতগুরু বিটি বেগুন প্রকল্পের সহযোগী অধ্যাপক ড. বিজয় পরানজাপি এবং ফিড দ্য ফিউচার (আলু ও বেগুন) প্রকল্পের বাংলাদেশ অঙ্গের প্রকল্প পরিচালক ড. মোঃ জাহাঙ্গীর হোসেন চার সদস্যের প্রতিনিধি দলের মধ্যে ছিলেন। প্রতিনিধি দলটি বারি মহাপরিচালকের সভাকক্ষে ইনস্টিটিউটের বিজ্ঞানী ও কর্মকর্তাবৃন্দের সঙ্গে বৈঠক করেন। এ অনুষ্ঠানে স্বাগত বক্তব্য রাখেন ইনস্টিটিউটের মহাপরিচালক ড. আবুল কালাম আযাদ। এ সময় বারির পরিচালক (গবেষণা) ড. মোঃ আব্দুল ওহাব, পরিচালক (প্রশিক্ষণ ও যোগাযোগ) ড. মোঃ মিয়াবুল্লাহ, পরিচালক (সেবা ও সরবরাহ) মোঃ হাবিবুর রহমান শেখ প্রমুখ উপস্থিত ছিলেন।

ঢাকা ■ বুধবার ■ ২২ জানুয়ারি ২০২০

জৈবের কাগজ



ফিড দি ফিউচার বায়োটেক প্রজেক্টের (আলু ও বেগুন) উচ্চ পর্যায়ের ৪ সদস্যের একটি প্রতিনিধিদল গতকাল মঙ্গলবার বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট (বারি) পরিদর্শন করেছে। এ সময় ফটোসেশনে অংশ নেন (ডান থেকে) বারির মহাপরিচালক ড. আবুল কালাম আযাদ, পরিচালক ড. মো. নাজিরুল ইসলাম, পরিচালক মো. হাবিবুর রহমান শেখ, পরিচালক ড. মো. মিয়াবুদ্দীন, ফিড দি ফিউচার প্রকল্পের বাংলাদেশ অঙ্গের প্রকল্প পরিচালক ড. মো. জাহাঙ্গীর হোসেনসহ আরো অনেকে। বিজ্ঞপ্তি।

